



নিটার ছাত্র হোস্টেল এর সাধারন নীতিমালা

- ১। ছাত্রাবাসের আসনগুলি একাডেমিক রেকর্ড এবং ক্লাসে উপস্থিতির উপর ভিত্তি করে শিক্ষার্থীদের জন্য বরাদ্দ দেয়া হয় (অবশ্যই ৭৫% ক্লাস উপস্থিতি থাকতে হবে)।
- ২। সিট বরাদ্দ শুধুমাত্র একবছর সময়ের জন্য প্রযোজ্য হইবে। প্রতি বছর সিট নবায়ন করতে হবে।
- ৩। হোস্টেলে ওঠার সময়ই অবশ্যই এন আই ডি/জন্ম সনদ এবং স্টুডেন্ট আই ডি কার্ডের ফটোকপি জমা দিয়ে হোস্টেল সুপারিনটেনডেন্ট এর কাছ থেকে আবাসিক/হোস্টেল কার্ড সংগ্রহ করতে হবে।
- ৪। চলমান সেমিস্টারে কোনো শিক্ষার্থী নন-কলেজিয়েট (৭৫% এর নিচে উপস্থিতি) এবং ডিস-কলেজিয়েট (৬০% এর নিচে উপস্থিতি) হলে বরাদ্দকৃত হোস্টেল আসন বাতিল হতে পারে।
- ৫। ছাত্র হোস্টেলে আবাসিক/হোস্টেল কার্ড ছাড়া অথবা বিনা অনুমোতিতে বোর্ডারগণ ব্যতিত অন্য কেউ রাত্রি যাপন করতে পারবে না। কেউ বিনা অনুমোতিতে হোস্টেলে অবস্থান করলে তাকে বহিরাগত হিসাবে গণ্য করা হবে।
- ৬। কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কেউ দীর্ঘ দিন হোস্টেলে অবস্থান করলে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমান করা হবে।
- ৬। সিট থাকা সত্ত্বেও কোন ছাত্র যদি হোস্টেলে নিয়মিত অবস্থান না করে সে ক্ষেত্রে তার সিট বাতিল করা হবে।
- ৭। ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক শৃঙ্খলা সম্পর্কিত কোন ব্যাপারে দোষী সাব্যস্ত কোন ছাত্র বা ছাত্রীর আবেদন কোন প্রকার বিবেচনা ছাড়াই বাতিল বলিয়া গন্য হইবে।
- ৮। একজনের বরাদ্দ সিটে অন্য কেউ প্রক্সি দিতে পারবে না। প্রক্সি প্রমাণিত হলে দুইজনের বিরুদ্ধেই শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। বোর্ডার কর্তৃক ছাত্রাবাসে আনীত সকল মালামালের তালিকা লিখিতভাবে হোস্টেল সুপারের নিকট জমা দিতে হবে। উক্ত মালামাল ছাত্রাবাস থেকে স্থানান্তর করতে হোস্টেল সুপারের অনুমোদন বা গেট পাস প্রদর্শন করতে হবে।
- ১০। বোর্ডারগন তাদের নিজস্বভাবে প্রয়োজনীয় বোর্ডিং আনতে হবে।
- ১১। ছাত্র হোস্টেল এ মহিলা অতিথি প্রবেশ সম্পূর্ণ নিষেধ।
- ১২। অন্যান্য অতিথি বা আত্মীয়দের হোস্টেল সুপারিনটেনডেন্টের অনুমতি নিয়ে হোস্টেলে সর্বোচ্চ ২৪ঘন্টা থাকার অনুমতি দেওয়া যাবে।
- ১৩। একটি কক্ষ বা হোস্টেলের সকল বোর্ডার যৌথভাবে এবং/অথবা সামগ্রিকভাবে হোস্টেলের সম্পত্তির কোনো ক্ষতি করতে পারবে না। হোস্টেলের কোন সম্পত্তির ক্ষতি/ভাঙচুর হলে জরিমানা সহ ঐ রুম/ব্লকের বাসিন্দাদের কাছ থেকে জরিমানা করা হবে।
- ১৪। বোর্ডাররা তাদের ঘরে কোনো বৈদ্যুতিক যন্ত্রপাতি যেমন, বৈদ্যুতিক হিটার, বৈদ্যুতিক চুলা ইত্যাদি ব্যবহার করতে পারবে না। তবে বোর্ডাররা তাদের ঘরে কম্পিউটার এবং মিউজিক সিস্টেম ব্যবহার করতে পারবে। পানি ব্যবহারে সাক্ষরী হতে হবে। বোর্ডাররা তাদের কক্ষ থেকে বের হওয়ার সময় সর্বদা লাইট এবং ফ্যান বন্ধ করতে হবে।
- ১৫। অন্যান্য বোর্ডারদের অসুবিধা হয় এমন উচ্চস্বরে গান গাওয়া, চিংকার করা বা সব ধরনের আওয়াজ করা থেকে বিরত থাকতে হবে।
- ১৬। হোস্টেল প্রাঙ্গণ কোন প্রকার রাজনৈতিক কর্মকাণ্ডের জন্য ব্যবহার করা যাবে না। তবে সাংস্কৃতিক অনুষ্ঠানের অনুমতি দেওয়া যেতে পারে।
- ১৭। বোর্ডারগন তাদের নিজ নিজ কক্ষ পরিষ্কার, পরিপাটি এবং পরিচ্ছন্নতা বজায় রাখবে। কোন আবর্জনা বেসিন, ড্রেন, করিডোরে বা ঘরের বাইরে বা আশেপাশে ফেলা উচিত নয়। এই উদ্দেশ্যে রাখা ডাস্টবিন ব্যবহার করতে হবে।
- ১৮। শিক্ষার্থীদের কক্ষে বেশি পরিমাণ নগদ অর্থ বা মূল্যবান জিনিসপত্র না রাখার পরামর্শ দেওয়া হল। বোর্ডারগন তাদের নিজ নিজ জিনিসপত্রের নিরাপত্তার জন্য দায়ী।
- ১৯। যে কোন ধরনের মাদক (যেমনঃ গাজা, ইয়াবা, ফেন্সিডিল, উত্তেজক পানীয় ইত্যাদি) সেবন ও সেবনের কাজে কোন প্রকার সহযোগিতা গুরুতর অপরাধ বলে বিবেচিত হবে।
- ২০। রেগিং এর নামে যে কোন ধরনের শারিরিক নির্যাতন বা মানসিক নির্যাতন গুরুতর অপরাধ বলে বিবেচিত হবে।


15.01.23


15.01.23